অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চাইল্ড সাপোর্ট বাধ্যবাধকতা আরো কার্যকর করতে আইন সই করেছেন

দুই বছরের জন্য ড্রাইভার লাইসেন্স সাসপেনশন প্রক্রিয়া প্রসারিত করেন

সেই বাবা-মাদের সনাক্ত করে যারা চাইল্ড সাপোর্ট দিতে ব্যর্থ হয় এবং তাদেরকে অবহিত করে যে পেমেন্ট করা না হলে তাদের ড্রাইভারের লাইসেন্স স্থগিত করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইন (S.6388/A.7788) সই করলেন, চাইল্ড সাপোর্ট বাধ্যবাধকতা আরও কার্যকর করতে দুই বছরের জন্য ড্রাইভার লাইসেন্স সাসপেনশন প্রক্রিয়া প্রসারিত করতে। এই অত্যন্ত সফল প্রয়োগের প্রক্রিয়াটি চাইল্ড সাপোর্ট প্রোগ্রামকে ড্রাইভারের লাইসেন্স সহ অভিভাবকদের সনাক্ত করতে দেয়, যারা চাইল্ড সাপোর্ট দিতে ব্যর্থ হচ্ছে, তাদের ড্রাইভিং সুবিধা বন্ধ করা হবে যদি না চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়। এই বিল 31 আগস্ট 2021 পর্যন্ত এই গুরুত্বপূর্ণ আইন প্রসারিত করবে।

"চাইল্ড সাপোর্ট খুব গুরুত্বপূর্ণ এটি নিশ্চিত করতে যে বিচ্ছিন্ন বাবা-মায়ের বাচ্চাদের সুস্থ ও স্থিতিশীল লালন-পালনের জন্য প্রয়োজনীয় সম্পদ উপলব্ধ আছে", **গভর্নর কুওমো বলেন।** "এই ব্যবস্থা প্রসারিত করে, আমরা যে কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তির ড্রাইভারের লাইসেন্স স্থগিত করতে পারব যারা এই মৌলিক বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ, যতক্ষণ না তারা কোন পদক্ষেপ নিচ্ছেন এই সমস্যার সুরাহা করার জন্য।"

সিনেটর রোক্সান জে. পারসোড বলেন, "এক জন অভিভাবকের পক্ষে একা সন্তান প্রতিপালন কঠিন ও ব্যয়বহুল হতে পারে। যে বাবা-মায়েরা আইনত আর্থিক সহায়তা প্রদানের জন্য দায়ী, তারা তাদের সন্তানদের প্রয়োজন পূরণ নিশ্চিত করতে বাধ্য। ড্রাইভারের লাইসেন্স স্থগিত করা একটি অন্যতম কার্যকর ব্যাবস্থা যা রাজ্য ব্যবহার করতে পারে অ-হেফাজতি বাবা-মাদের বাধ্য করতে, তাদের চাইল্ড সাপোর্ট বাধ্যবাধকতা পূরণে করতে। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এই প্রয়োজনীয় আইন পুনর্নবিকরণের জন্য।"

সংসদ সদস্য রডনিস বিশট বলেন, "আমি আনন্দিত যে, নিউইয়র্ক স্টেট আরও দুই বছর এই প্রোগ্রাম চালিয়ে যাবে। ড্রাইভিং সুবিধা স্থগিত করার মাধ্যমে সমর্থনের প্রয়োগ একটি কার্যকর প্রোগ্রাম, এবং সংস্থাসমূহের মধ্যে সহযোগিতা সাহায্য করতে পারবে এটি নিশ্চিত করতে যাতে

শিশুদের মৌলিক প্রয়োজন পূরণ হয় এবং তারা একটি সুস্থ এবং উৎপাদনশীল জীবন যাপনে মনোযোগ দিতে পারে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন